

## প্রক্টর কার্যালয়

স্মারক: এসএমইউসিটি/প্রঅ/১৮১১২৫.০০০২

তারিখ : ১৮/১১/২০২৫ ইং


## বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি এর নাম বা কী-ওয়ার্ড বা লোগো ব্যবহার করে সামাজিক যোগাযোগ মাধ্যমে অননুমোদিত ফেসবুক পেজ গ্রুপ বা একাউন্ট পরিচালনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক অবৈধ। আমরা উদ্বেগের সঙ্গে লক্ষ করছি যে, উক্ত মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের স্বার্থ পরিপন্থী বা সুনাম ক্ষুণ্ণ হয় এবং জনমনে বিরূপ প্রভাব পড়ে এমন বিষয় পোস্ট করা হয় বা ভিডিও প্রকাশিত হয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত এ ধরনের কার্যক্রম পরিচালনা শৃঙ্খলা পরিপন্থী হিসেবে গণ্য হবে। উল্লেখ্য, বর্তমানে বিশ্ববিদ্যালয়ের একটি ভেরিফায়েড অফিসিয়াল ফেসবুক পেজ রয়েছে, যা একমাত্র অফিসিয়াল পেজ হিসেবে স্বীকৃত।

এই প্রেক্ষাপটে, বিশ্ববিদ্যালয়ের নামে সামাজিক যোগাযোগ মাধ্যমে যে সকল আন-অফিসিয়াল পেজ বা অ্যাকাউন্ট রয়েছে, সেসব পেজ বা অ্যাকাউন্টের সকল অ্যাডমিন ও মডারেটরগণ যারা গত ২১ অক্টোবর ২০২৫ (মঙ্গলবার) দুপুর ৩:০০ ঘটিকায় প্রক্টর অফিসে উপস্থিত হয়নি, তাদেরকে পুনরায় আগামী ২৫/১১/২৫ ইং তারিখে (মঙ্গলবার) দুপুর ৩:০০ ঘটিকায় প্রক্টর অফিসে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় প্রশাসনিক ও আইনগত ব্যবস্থা গ্রহণ করবে।

অতএব, বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি রক্ষা ও তথ্যের স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করছি।

ধন্যবাদান্তে,



মো: গোলাম রব্বানী (শামীম)

প্রক্টর

শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি

